



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
sadar.sunamganj.gov.bd

তারিখ : ১৫ এপ্রিল, ২০২৪

স্মারক নং- ০৫.৬০.৯০৮৯.০০০.০৩.০৭২.২৪-৫৫৫

নৌকাঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি ০২/২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত নৌকাঘাট ইজারার বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পরেও ইজারা প্রদান করা সম্ভব না হওয়ায় ১৪৩১ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরম ও সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী sadar.sunamganj.gov.bd ওয়েবসাইট ও অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি :

দরপত্রের পর্যায় নং	দরপত্র ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ (বেলা- ১.০০ ঘটিকা)	দরপত্র খোলার তারিখ (বিকাল-৩.০০ ঘটিকা)
১ম	২১.০৪.২০২৪ খ্রি.	২২.০৪.২০২৪ খ্রি.	২২.০৪.২০২৪ খ্রি.
২য়	২৮.০৪.২০২৪ খ্রি.	২৯.০৪.২০২৪ খ্রি.	২৯.০৪.২০২৪ খ্রি.
৩য়	০৬.০৫.২০২৪ খ্রি.	০৭.০৫.২০২৪ খ্রি.	০৭.০৫.২০২৪ খ্রি.

-ঃ ইজারায়োগ্য নৌকাঘাটের তালিকা :-

ক্র. নং	নৌকাঘাটের নাম	অধিভুক্ত ইউনিয়নের নাম	সরকারি কাঙ্ক্ষিত ইজারামূল্য	দরপত্র ফরম (সিডিউল) মূল্য	মন্তব্য
০১	সুরমা নদীর পাড়স্থ স্থপিকৃত বালু, পাথর, কার্গো, বার্জ ও দেশীয় নৌকা হতে উঠানামাকালে টোল আদায় সংক্রান্ত নৌকাঘাট	সুরমা	৪৯,৩৬,৮০০/-	১০,৬০০/-	

ঃ দরপত্র দাখিলের শর্তাবলী :-

- দরপত্রের সাথে দরপত্রের উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরের অনুকূলে দাখিল করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারার মেয়াদ শেষে জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।
- দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর, উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর, জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়ের রাজস্ব ও স্থানীয় সরকার শাখা, সোনালী ব্যাংক সুনামগঞ্জ শাখা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সুনামগঞ্জ সদর মডেল থানা হতে নির্ধারিত (অফেরত যোগ্য) মূল্যে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে।
- সীলমোহরযুক্ত দরপত্র নির্ধারিত তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর, উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর, পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ এবং জেলা প্রশাসকের কার্যালয় সুনামগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাঞ্ছা দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছা খোলা হবে।
- যে তারিখ দরপত্র ক্রয় করা হবে তৎপরবর্তী দরপত্র দাখিলের তারিখে তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র অকার্যকর ও বাতিল বলে গণ্য হবে।
- দাখিলকৃত ইজারা মূল্য কাঙ্ক্ষিত সরকারী ইজারা মূল্যের চেয়ে বেশী হতে হবে।
- দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

